

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৩৪-আইন/২০২৫/৫৬/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, দ্বিতীয় তফসিলের ক্রমিক নং ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়ারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়ারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ৭ এর-

(ক) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) কোন শিল্প প্রতিষ্ঠান, রপ্তানি মূল্য হিসাবে কেবল Cutting, Making and Trimming (CMT) চার্জ প্রাপ্ত হইয়া রপ্তানির উদ্দেশ্যে, মাস্টার ঋণপত্র বা ব্যাক-টু-ব্যাক ঋণপত্র ব্যতিরেকে বিনামূল্যে তথা Free of Cost (FOC) এর ভিত্তিতে সংশ্লিষ্ট মেয়াদের অব্যবহিত পূর্ববর্তী নিরীক্ষা মেয়াদের পঞ্চাশ শতাংশ রপ্তানি পণ্য উৎপাদন করিতে যেই পরিমাণ কাঁচামাল প্রয়োজন, অনধিক সেই পরিমাণ কাঁচামাল প্রতিষ্ঠানের অনুমোদিত লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানি করিতে পারিবে এবং যে সকল প্রতিষ্ঠানের অনুমোদিত একাধিক লিয়েন ব্যাংক রহিয়াছে, সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রত্যয়নকারী লিয়েন ব্যাংক এই মর্মে নিশ্চিত করিবে যে, প্রতিষ্ঠানের অন্য কোনো লিয়েন ব্যাংক কর্তৃক চলতি মেয়াদে এইরূপ কোনো প্রত্যয়নপত্র ইতিপূর্বে ইস্যু করা হয় নাই এবং প্রত্যয়নকারী লিয়েন ব্যাংক উহার ইস্যুকৃত প্রত্যয়নপত্রের একটি করিয়া অনুলিপি সংশ্লিষ্ট কাস্টমস হাউস, বন্ড কমিশনারেট এবং বিজিএমইএ/বিকেএমইএ কে প্রদান করিবে এবং এইরূপে আমদানিকৃত কাঁচামালের ও তদ্বারা উৎপাদিত

পণ্যের হিসাব প্রতিষ্ঠানের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনে পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৫) উপ-বিধি (৪) এ বর্ণিত পদ্ধতিতে কাঁচামাল আমদানি পরবর্তীতে সংশ্লিষ্ট মেয়াদ সমাপ্তির পূর্বেই পুনরায় FOC এর ভিত্তিতে আরও কাঁচামাল আমদানির প্রয়োজন হইলে নিম্নরূপে রিভলভিং পদ্ধতিতে আমদানি করিতে পারিবে, যথা:-

- (ক) সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্র ও পরবর্তী রপ্তানি আদেশের কপিসহ শিল্প প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস, ব্যবহৃত কাঁচামালের পরিমাণ মাসভিত্তিক হিসাব করিয়া চলতি মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য আনুপাতিক হারে আমদানি প্রাপ্যতা প্রদান করিবেন;
- (খ) দফা (ক) মোতাবেক প্রাপ্যতা গ্রহণের পর চলতি মেয়াদে আবারও প্রাপ্যতার প্রয়োজন হইলে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস, দফা (ক) এ বর্ণিত পদ্ধতিতে উক্ত মেয়াদের জন্য পুনরায় আমদানি প্রাপ্যতা প্রদান করিতে পারিবেন;
- (গ) এইরূপে সম্পাদিত রপ্তানি চালানের বিপরীতে প্রাপ্ত রপ্তানি মূল্যকেই প্রকৃত রপ্তানি মূল্য হিসাবে প্রদর্শন করিতে হইবে:
তবে শর্ত থাকে যে, যদি কোনো ক্ষেত্রে রপ্তানি ইনভয়েসে রপ্তানি মূল্য হিসাবে কাঁচামালের মূল্যসহ উৎপাদিত পণ্যের মূল্য প্রদর্শন করা হইয়া থাকে, তাহা হইলে পৃথকভাবে সিএমটি মূল্য প্রদর্শন করিতে হইবে;
- (ঘ) নিরীক্ষা প্রতিবেদনে রপ্তানি মূল্য, প্রত্যাবাসিত মূল্য ও অপ্রত্যাবাসিত মূল্য

সংক্রান্ত ছকে সিএমটি চার্জ পৃথকভাবে
প্রদর্শন করিতে হইবে।”;

(২) বিধি ১৩ এর উপ-বিধি (১) এর-

(ক) দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঝ) পণ্যের অবৈধ অপসারণজনিত কারণে কোন মামলা বা দাবিনামা অনিষ্পন্ন থাকিলে চুক্তিভিত্তিক উৎপাদনের অনুমতির জন্য সংশ্লিষ্ট কমিশনারের নিকট আবেদন করিতে হইবে এবং কমিশনার সাব-কন্ট্রোল চুক্তি প্রদানকারী উৎপাদকের নিকট হইতে স্থানান্তরযোগ্য পণ্য চালানোর ওপর আরোপনীয় শুল্ক ও করের সমপরিমাণ নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ করিয়া স্থানান্তরের অনুমতি প্রদান করিবেন এবং স্থানান্তরিত পণ্য প্রক্রিয়াকরণপূর্বক মূল উৎপাদকের কারখানায় ফেরত আসিবার পর সংশ্লিষ্ট কমিশনার ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণের আদেশ প্রদান করিবেন।”

(খ) দফা (ঠ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঠ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঠ) সাব-কন্ট্রোল মূল্য স্থানীয় ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য হইবে;”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।